

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৫৭

১২/ ওসীয়াত সম্পর্কে (کتاب الوصایا)

পরিচ্ছেদঃ ১০৬. ওসীয়ত দ্বারা উত্তরাধিকারীদের ক্ষতি করা অন্যায়।

আরবী

حَدَّثَنَا عَبْدَةُ بْنُ عَبْدِ اللَّهِ، أَخْبَرَنَا عَبْدُ الصَّمَدِ، حَدَّثَنَا نَصِرُ بْنُ عَلِيّ الْحُدَّانِيُّ، حَدَّثَنَا الْأَشْعَتُ بْنُ جَابِرٍ، حَدَّثَنِي شَهْرُ بْنُ حَوْشَبٍ، أَنَّ أَبَا هُرَيْرَةَ، حَدَّثَهُ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " إِنَّ الرَّجُلَ لَيَعْمَلُ وَالْمَرْأَةَ بِطَاعَةِ اللَّهِ سِتِينَ سَنَةً ثُمَّ يَحْضُرُهُمَا الله عليه وسلم قَالَ " إِنَّ الرَّجُلَ لَيَعْمَلُ وَالْمَرْأَةَ بِطَاعَةِ اللَّهِ سِتِينَ سَنَةً ثُمَّ يَحْضُرُهُمَا الْمَوْتُ فَيُضَارَّانِ فِي الْوَصِيَّةِ فَتَجِبُ لَهُمَا النَّارُ " . قَالَ وَقَرَأً عَلَى ّ أَبُو هُرَيْرَةَ مِنْ هَا هُنَا (مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصَى بِهَا أَوْ دَيْنٍ غَيْرَ مُضَارٍ) حَتَّى بَلَغَ (ذَلِكَ الْفَوْزُ الْعَظِيمُ) . قَالَ أَبُو دَاوْدَ هَذَا _ يَعْنِي الْأَشْعَتُ بْنَ جَابِرٍ _ جَدُّ نَصْرِ بْنِ عَلِيّ .

বাংলা

২৮৫৭. 'আবদা ইবন 'আবদুল্লাহ্ (রহঃ) আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি কোন স্ত্রীলোক এবং কোন পুরুষ ষাট বছর পর্যন্ত আল্লাহর ইবাদাত করে, পরে যখন সে দু'জনের মৃত্যুর সময় উপস্থিত হয়, তখন তারা ওসীয়তের দ্বারা উত্তরাধিকারীদের ক্ষতি করে, এমতাবস্থায় তাদের উভয়ের জন্য জাহান্নামের আগুন অবধারিত হয়ে যায়। রাবী (শাহর ইবন হাওশাব) বলেনঃ এ সময় আবূ হুরায়রা (রাঃ) নিম্নোক্ত আয়াতটি তিলাওয়াত করেন, (যার অর্থ হলো) "যে পরিমাণ মাল সাদকা করার জন্য ওসীয়ত করা হয়, তা আদায় করার পর এবং দেনা পরিশোধের পর, যা অন্যের জন্য ক্ষতিকর নয় হতে, এ হলো বিরাট সফলতা।"

আবূ দাউদ (রহঃ) বলেনঃ এই হাদীছের রাবী আশ'আছ ইবন জাবির (রাঃ) হলেন নসর ইবন 'আলী (রাঃ) এর দাদা।

English

Narrated AbuHurayrah:

The Prophet (ﷺ) said: A man or a woman acts in obedience to Allah for sixty



years, then when they are about to die they cause injury by their will, so they must go to Hell. Then AbuHurayrah recited: "After a legacy which you bequeath or a debt, causing no injury...that will be the mighty success.

Abu Dawud said: Al-Ash'ath b. Jabir is the grandfather of Nasr b. 'Ali.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন